খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

খুশিলি/এইচআরএম-৯০/৭৬০

১৬ নভেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত খুলনা শিপইয়ার্ড লিঃ এর **প্লেটার শপে** জব ভিত্তিক ডেইলি বেসিস হিসেবে নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগ করা হবে ঃ

ক্রমিক	পদ	সংখ্যা	বয়স	ন্যূনতম যোগ্যতা (শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা)
ক।	দক্ষ ওয়েল্ডার	২০ জন	বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর (১০-১১-২০২৬ পর্যন্ত)। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।	১। ন্যূনতম ৮ম শ্রেণি পাশ। ২। জাহাজ নির্মাণ সংশ্লিষ্ট ওয়েল্ডিং কাজে বাস্তব অভিজ্ঞতা থাকবে হবে। ৩। যেকোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে বাস্তব ভিত্তিক প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

ক। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত ফরমে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক **ব্যবস্থাপনা পরিচালক**, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম ওয়েবসাইট **www.khulnashipyard.gov.bd/** অথবা সরাসরি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন হতে সংগ্রহ করা যাবে।

খ। বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ টাকা ৫০/- (পঞ্চাশ) নগদ (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশনে) জমা করতঃ ক্যাশ মেমো গ্রহণ সাপেক্ষে আবেদন জমা করতে হবে।

গ। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/ নাগরিক সনদপত্র, প্রশিক্ষন সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (সত্যায়িত ফটো কপি) ও সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি দাখিল করতে হবে। মৌখিক সাক্ষাৎকার এর সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষন ও অভিজ্ঞতার মূল সনদ অবশ্যই সাথে আনতে হবে।

ঘ। বর্ণিত পদ সমূহের জন্য আগ্রহী প্রার্থীদেরকে আবেদনপত্রসহ সরাসরি আগামী **১৮ নভেম্বর ২০২৬** তারিখ রোজঃ **বুধবার সকাল ০৮৩০ ঘটিকার** মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ **ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য স্বশরীরে উপস্থিত হতে হবে।**

ঙ। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। অত্র প্রতিষ্ঠানের কাঠামো অনুযায়ী বেতন/ মজুরি (আলোচনা সাপেক্ষে) নির্ধারণ করা হবে।

চ। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

ছ। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

জ। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরৎ দেয়া হবে না।

ঝ। খুলনা শিপইয়ার্ড লিমিটেড হতে ইতোপূর্বে চাকুরিচ্যুত/ বরখাস্ত/ অব্যাহতি প্রদানকৃত ব্যক্তিদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

সৈয়দ সাব্বির আহম্মেদ
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

হুঁশিয়ারি ঃ চাকুরির ব্যাপারে কোন অসৎ ব্যক্তির সহিত আর্থিক সংযোগ করে প্রতারিত হবেন না।